



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

নং-২১৫/ক/সী/৮৬/অংশ-১/২২৫

তারিখ: ০৯/০২/২৫

বিষয় : উচ্চমাধ্যমিক পর্যায়ে উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয় খোলার অনুমতি প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭০.৭২.২৩.২০২৫-২৩১, তারিখ : ০৭/০৮/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শরীয়তপুর জেলার জাজিরা উপজেলাধীন “জাজিরা ডিগ্রী কলেজ”-এর নিম্নোক্ত শর্তে উচ্চমাধ্যমিক পর্যায়ে উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয় খোলার অনুমতি দেয়া হলো।

শর্ত সমূহ :

- (১) শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- (২) আগামী এক বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা, ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- (৩) ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোনো শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা হবে না;
- (৪) কলেজের কোনো শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- (৫) উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোনো প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- (৬) সরকার প্রয়োজন মনে করলে যে কোনো সময় যে কোনো শর্ত আরোপ করতে পারবে;
- (৭) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- (৮) কোনো শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোনো সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

অধ্যক্ষ,

জাজিরা ডিগ্রী কলেজ,(EIN-113676)

জাজিরা, শরীয়তপুর।

প্রফেসর মোঃ রিজাউল হক

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ঢাকা।

মেমো নং- ২২৪(৬)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

তারিখ : ০২/০৩/২৫

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।